

“উপজেলা কিশোর-কিশোরী ক্লাব মেনেজমেন্ট (CMC) কমিটি”র সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ জনাব শারমিন আখতার, উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী।  
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘা, রাজশাহী।  
সভার তারিখ ঃ ২২/০৮/২০২৩ খ্রিঃ সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ পরিশিষ্ট ‘ক’

আলোচ্য বিষয়ঃ ১। ক্লাব সম্পর্কিত আলোচনা।

২। বিবিধ

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্য বিবরণী সভায় পাঠ করেন। অতঃপর তাতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা নং-০১। ক্লাব সম্পর্কিত আলোচনা।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার ০৭টি ইউনিয়নে এবং ০২টি পৌরসভায় মোট ৯টি ক্লাব পরিচালিত হয়। ক্লাবগুলো সপ্তাহের ছুটি দিন শুক্রবার ও শনিবার বিকালে পরিচালিত হওয়ায় মনিটরিং করা কষ্টসাধ্য হয়ে যায়। বিধায় সভাপতির অনুমতিক্রমে ক্লাব সংশ্লিষ্ট সকল সদস্যবৃন্দকে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ ১ সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সকল সদস্য ক্লাবগুলো মনিটরিং করবেন।


আলোচনা নং- ০২ । ক্লাবে সদস্য ভর্তি সংক্রান্ত আলোচনাঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় আরও জানান উপজেলার ০৭টি ইউনিয়নে এবং ০২টি পৌরসভায় ২০২৩ পঞ্জিকা বর্ষে সদস্য ভর্তি করা হয়েছে এবং তাদের ডাটা এ্যান্টির কাজ সম্পন্ন

সভাপতি মহোদয় সদস্য ভর্তির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা এবং ক্লাবগুলো মনিটরিং করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত নং-২ঃ সদস্য ভর্তির বিষয়ে সংশ্লিষ্ট সকলে সহযোগিতা এবং ক্লাবগুলো মনিটরিং করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(শারমিন আখতার)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা কিশোর-কিশোরী ক্লাব মেনেজমেন্ট (CMC) কমিটি  
বাঘা, রাজশাহী।